ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী

ISO 9001:2015 Certified

টেলিফোন : ০৩৩১- ৬২২০০,৭৪৭০৭
ওয়েব : pbs.feni.gov.bd
ই-মেইল : fenipbs84@gmail.com

স্মারক নং- ২৭.১২.৩০২৯.৫১৬.০২.০০৮.২৬. ৬২৬৪

তারিখঃ ০৮ ভাদ্র' ১৪৩৩ বঙ্গাব্দ।
২৩ আগস্ট' ২০২৬ খ্রিষ্টাব্দ।

# "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে নিম্নোক্ত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী প্রাক্তন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)<br><br>**৩৯ জন** (কম বেশী হতে পারে) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী মূলবেতন ১৪,৭০০/- টাকা অথবা সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ০১) **বয়সসীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ১৩/০৯/২০২৬ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৫২ (বায়ান্ন) বছর। নিয়োগকৃত প্রার্থীগণ সর্বোচ্চ ১২ (বারো) বছর বা ৫৫ (পঞ্চান্ন) বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>০২) **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীগণ মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩(তিন)বছর/ ০৬(ছয়) বছর/ ০৯(নয়) বছর/১২(বার) বছর বা তদুর্দ্ধ সময়ের ধারাবাহিক ও সন্তোষজনকভাবে পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>০৩) **অন্যান্য যোগ্যতাঃ**<br>**(ক)** প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>**(খ)** প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>**(গ)** প্রার্থীকে পাটিগনিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুন, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারনা থাকতে হবে।<br>**(ঘ)** নির্বাচিত প্রার্থীকে ১ম ০৩ (তিন) বছরের জন্য মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ প্রদান করা হবে। চুক্তিকালীন কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন (যদি পূর্বে না হয়ে থাকে) সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপনান্তে নূন্যতম ১/২ কর্মদিবস বিরতি দিয়ে একই পদে পুনরায় ০৩ (তিন) বছর মেয়াদের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে সর্বোচ্চ ০৪ বার বা ১২ বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।<br>০৪) **নিয়োগ পদ্ধতিঃ** বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানসহ প্যানেল প্রস্তুত করা হবে। |

**শর্তাবলীঃ**

**০১) আবেদনপত্র পুরণ ও জমাদানঃ** ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (www.pbs.feni.gov.bd.) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২ ভার্সন-০১) A4 সাইজের কাগজে **ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পুরণ করে** আগামী **১৩/০৯/২০২৬** খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে (খামের উপরে পদের নাম ও নিজ জেলা উল্লেখসহ) আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র বিবেচিত হবে না। সরাসরি বা উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

**০২) আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে :**

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত ফটোকপি।
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৩) অন্যান্য শর্তাবলীঃ

ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেওয়া হবে।

খ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) উল্লেখ করতে হবে।

গ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

ঘ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীগণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

ঙ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলাজনিত কারণে বা মেয়াদ পূর্তির পূর্বেই স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/ বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

চ) দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমানিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

ছ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

জ) **ফেনী জেলার স্থায়ী বাসিন্দা এবং অত্র পবিসের ভৌগোলিক এলাকাভুক্ত ফেনী সদর, দাগনভূঞা, ছাগলনাইয়া, সোনাগাজী, ফুলগাজী, পরশুরাম উপজেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন না।**

ঝ) প্রাপ্ত আবেদনপত্র সমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্য সম্পন্নপূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে চাকুরীকাল (On job Serivce Length) বিবেচনা করতঃ বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার মোতাবেক জ্যেষ্ঠতা নির্ধারণ পূর্বক নিয়োগ/ প্যানেল প্রস্তুত করা হবে।

ঞ) **অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।**

২৬/৪/২০২৫

(মুহাম্মদ নুরুল হোসাইন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.......................পবিস-১/২/৩/৪
(বিজ্ঞপ্তি ও আবেদন ফর্মে আপনার পবিসের মানব সম্পদ/প্রশাসন বিভাগে সংরক্ষণ পূর্বক প্রার্থীগণের চাহিদা অনুযায়ী সরবরাহের বিশেষ অনুরোধসহ)।
০৬। নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, ফেনী।
০৭। ডিজিএম-সদর দপ্তর-কারিগরী/দাগনভূঞা/সোনাগাজী/ছাগলনাইয়া/পরশুরাম/ফুলগাজী জোনাল অফিস ফেনী পবিস।
০৮। এজিএম-মানব সম্পদ/(অর্থ-হিসাব/রাজস্ব)/সদস্য সেবা/ওএন্ডএম-রাজাপুর/কসকা/কাজিরহাট সাব জোনাল অফিস, ফেনী পবিস।
০৯। এজিএম (আইটি), ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হল)।
১০। নোটিশ বোর্ড, ফেনী পবিস।
১১। অফিস/মাষ্টার কপি।

২৬/৪/২০২৫

(মুহাম্মদ নুরুল হোসাইন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

ফরম নং:পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখ..........

ISO 9001:2015 Certified

# ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম।

(প্রার্থীর কর্তৃক স্বহস্তে বাংলায় পূরণযোগ্য)

সিনিয়র জেনারেল ম্যানেজার
ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী।

পার্সপোর্ট সাইজের এক কপি **সত্যায়িত ছবি** এ ঘরে স্ট্যাপলার দিয়ে লাগাতে হবে (ছবির অপর পৃষ্ঠায় প্রার্থীকে স্বহস্তে নিজের নাম বাংলায় লিখতে হবে)।

১.নিয়োগ বিজ্ঞপ্তি নং-

মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)
২.আবেদনকৃত পদের নাম

৩.পদের ধরণ-**চুক্তিভিত্তিক**

--------------------------------------
৪. নিয়োগ বিজ্ঞপ্তির সূত্র

৫. প্রকাশনার তারিখ

------------------------------------------
৬.আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

------------------------------------------
পূর্ণ নাম বড় হাতের অক্ষরে (ইংরেজীতে)

------------------------------------------
৭.জন্ম তারিখ (পরীক্ষার সনদ//জন্ম নিবন্ধন অনুযায়ী)

---------------/--------------/--------------(দিন/মাস/বছর)

------------------------------------------------------------
৮. মাতার নাম

৯. বয়স (১৩/০৯/২০২৬ খ্রিঃ তারিখে)

------------------------------------------------------------

------------------------------------------------------------
১০. পিতার নাম

------------------------------------------------------------
১১. ধর্ম

------------------------------------------------------------
১২. জাতীয়তা

১৩. নিজ জেলা

------------------------------------------------------------
১৪. টেলিফোন/মুঠোফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা
(টিক (✓)দিন

| | বিবাহিত | | অবিবাহিত |
|---|---|---|---|

১৬. স্থায়ী ঠিকানাঃ

| ---------------------------- | ---------------------------- | ---------------------------- | ---------------------------- |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ.জেলা |

১৭. যে ঠিকানায় প্রার্থী নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ---------------------------- | ---------------------------- | ---------------------------- | ---------------------------- |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ.জেলা |

নুসরাত জাহান শাকী
এজিএম (মানব সম্পদ)
ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

১৮. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |

১৯. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

| ক্রমিক নং | পবিসের নাম | কর্মকালীন সময় | | কত বছর কর্মরত ছিলেন |
|---|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২০. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| | নাম, পদবী, পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠোফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|---|
| ০১। | |
| ০২। | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি এবং সকল তথ্যাদি আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল বা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষ নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

---------------------------------------- তারিখ

---------------------------------------- আবেদনকারীর স্বাক্ষর

২৩/০৮/২৫
নুসরাত জাহান লাকী
এজিএম (মানব সম্পদ)
ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি